

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
(নার্সিং সেবা-১ শাখা)  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১০৯.০০.০০.০০৯.২০১৫- ২৬০

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬  
০৯ মে ২০১৯

বিষয়ঃ বিদেশী বিশেষায়িত নার্স এর অস্থায়ী নিয়োগের মেয়াদ বৃদ্ধি প্রদান।


সূত্রঃ ব্যাপ্টিস্ট মিড-মিশন হাসপাতাল, নাটোর এর ২৩-০৪-২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে তাঁর সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নে বর্ণিত ০১ (এক) জন বিদেশী নার্সের ব্যাপ্টিস্ট মিড-মিশন হাসপাতাল, নাটোরে চিকিৎসা সেবা প্রদানে তাঁর অনুকূলে ইতোপূর্বে প্রদত্ত অনুমতির মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০১-০৩-২০২০ তারিখ পর্যন্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে বৃদ্ধি করা হলো:

SI No	Name & Designation	Nationality	Passport No	Expcir date of Permission
1.	Stephan Andreas Philippi Staff Nurse	USA	488334537	01-03-2020

০২। শর্তাবলীঃ

- (১) বাংলাদেশে আগমন ও অবস্থানে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (২) বাংলাদেশে অবস্থানের বিষয়টি স্বরাষ্ট্র, পররাষ্ট্র মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (৩) উল্লিখিত মেয়াদে শুধুমাত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে চিকিৎসা সেবা/প্রশিক্ষণ প্রদান করতে পারবেন এবং অন্য কোন প্রতিষ্ঠানে কাজ করতে পারবেন না;
- (৪) এ সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার আবেদনকারী প্রতিষ্ঠান বহন করবে;
- (৫) আগমনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যক্রম শেষে এক সপ্তাহের মধ্যে এ বিষয়ে একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে; এবং
- (৬) নির্ধারিত সময়ের পর উল্লিখিত নার্সকে দেশ ত্যাগ করতে হবে এবং তা এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- (৭) সরকার যে কোন সময় এ অনুমতিপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

  
(ডাঃ মোঃ শিকুর আহমেদ ওসমানী)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫৭৭৯


চীফ মেডিকেল অফিসার  
ব্যাপ্টিস্ট মিড-মিশন হাসপাতাল  
নাটোর-৬৪০০।

নং-৪৫.১৫৮.১০৯.০০.০০.০০৯.২০১৫- ২৬০/১২

তারিখঃ ২৫ বৈশাখ ১৪২৬  
০৮ মে ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
- ২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, পাসপোর্ট ও ইমিগ্রেশন, পাসপোর্ট ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।
- ৮। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা।
- ৯। ইমিগ্রেশন অফিসার হযরত শাহাজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

  
(ডাঃ মোঃ শিকুর আহমেদ ওসমানী)  
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
(নার্সিং সেবা-১ শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৭২.১৩.০০৬.২০১৯- ২৬৫


তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬  
০৯ মে ২০১৯

প্রজ্ঞাপন

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়ার নার্সিং সুপারিনটেনডেন্ট, মোছা: আজিজা বেগম (পিতা-মৃত আজিজার রহমান তালুকদার)-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ১৫-০২-২০১৯ তারিখ হতে সরকারি চাকুরি থেকে অবসর প্রদান করা হল এবং ছুটি পাওনা সাপেক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বিগত ১৫-১২-২০১৫ তারিখের এস.আরও. নং-৩৬৯-আইন/২০১৫ অনুযায়ী ১৮ (আঠের) মাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ (ল্যাম্পগ্রান্ট) মঞ্জুর করা হল। সেই সঙ্গে তাকে অবসর গ্রহণের পরবর্তী দিন অর্থাৎ ১৬-০২-২০১৯ খ্রি: তারিখ হতে ০১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হ'ল।

০২। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ খ্রি: তারিখের অম/অবি/প্রবি-১/চা:বি:-৩/২০১০(অংশ-৩)-৬২ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক তিনি অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(ডাঃ মোঃ শিক্বির আহমেদ ওসমানী)

উপসচিব

ফোন: ৯৫৪৫৭৭৯

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬  
০৯ মে ২০১৯

নং-৪৫.০০.০০০০.১৭২.১৩.০০৬.২০১৯- ২৬৫/২(৫০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলানগর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক/অধ্যক্ষ .....
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়/বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৫। সিভিল সার্জন/সুপারিনটেনডেন্ট .....
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, .....
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৯। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....
- ১০। জনাব/বেগম, মোছা: আজিজা বেগম, নার্সিং সুপারিনটেনডেন্ট, ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া।
- ১১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



ডাঃ মোঃ শিক্বির আহমেদ ওসমানী)

উপসচিব